

প্রকাশ : ৪ ডিসেম্বর, ২০১৭ ১৩:৪৭
আপডেট : ৪ ডিসেম্বর, ২০১৭ ১৬:১৭

অনলাইন
ভার্সন

Share

প্রিন্ট করুন 

ডিএনসিসি মেয়রের পদ শূন্য ঘোষণা

| অনলাইন ডেস্ক



ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের (ডিএনসিসি) মেয়র পদ শূন্য ঘোষণা করেছে স্থানীয় সরকার ও সমবায় মন্ত্রণালয়ের স্থানীয় সরকার বিভাগ। পদ শূন্য ঘোষণার প্রজ্ঞাপন প্রকাশের প্রস্তুতি চলছে বলে জানা গেছে।

সোমবার প্রজ্ঞাপন প্রকাশের মাধ্যমে আনুষ্ঠানিকভাবে এ পদ শূন্য ঘোষণা করা হবে বলে জানিয়েছেন মন্ত্রণালয় সংশ্লিষ্টরা।

গত ২০১৫ সালে ঢাকার দুই সিটি কর্পোরেশনে নির্বাচন অনুষ্ঠিত হয়। ওই নির্বাচনে উত্তর সিটি কর্পোরেশনে আওয়ামী লীগের মনোনয়নে মেয়র নির্বাচিত হন ব্যবসায়ী নেতা আনিসুল হক।

লন্ডনে সাড়ে চার মাসেরও বেশি সময় ধরে চিকিৎসাধীন থাকার পর গত ৩০ নভেম্বর বাংলাদেশ সময় রাত ১০টা ২৩ মিনিটে লন্ডনের ওয়েলিংটন হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় মেয়র আনিসুল হকের মৃত্যু হয়। তার মৃত্যুতে এই পদ শূন্য ঘোষণা করা হয়।

বিডি প্রতিদিন/০৪ ডিসেম্বর ২০১৭/আরাফাত